# স্থানীয় সরকার মন্ত্রীর সঙ্গে মার্কিন রাষ্ট্রদূতের সৌজন্য বৈঠক



ছবি: সংগৃহীত

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী ড. আব্দুল মঈন খানের সঙ্গে সাক্ষাৎ করেছেন বাংলাদেশে নিযুক্ত মার্কিন রাষ্ট্রদূত ব্রেন্ট ক্রিস্টেনসন। বৈঠকে দুই দেশের সম্পর্ক আরও জোরদার এবং বিভিন্ন ক্ষেত্রে সহযোগিতা বাড়ানোর বিষয়ে আলোচনা হয়েছে।

সোমবার (২৪ আগস্ট) বৈঠক শেষে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় প্রতিমন্ত্রী মীর শাহে আলম সাংবাদিকদের এ তথ্য জানান।

তিনি বলেন, সৌজন্য সাক্ষাৎ হলেও বৈঠকে বাংলাদেশ ও যুক্তরাষ্ট্রের দ্বিপক্ষীয় সম্পর্ক, নীতিগত বিষয় এবং ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনা নিয়ে আলোচনা হয়েছে।

বাংলাদেশের বিভিন্ন খাতে পাবলিক-প্রাইভেট পার্টনারশিপের (পিপিপি) মাধ্যমে মার্কিন বিনিয়োগের আহ্বান জানানো হয়েছে। বর্জ্য ব্যবস্থাপনা, নবায়নযোগ্য জ্বালানি ও পানি সরবরাহের মতো খাতে আধুনিক প্রযুক্তি ব্যবহারের বিষয়েও আলোচনা হয়েছে বলে জানান প্রতিমন্ত্রী।

সরকারের নির্বাচনী ইশতেহারে না থাকলেও প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের বিনামূল্যে পোশাক, ব্যাগ ও শিক্ষা উপকরণ দেওয়ার মতো জনকল্যাণমূলক উদ্যোগের প্রশংসা করেছেন মার্কিন রাষ্ট্রদূত বলেও জানান মীর শাহে আলম।

LENS ASIA